



পরিত্যক্ত পাত্রের পানি
ফেলে দিন।



ওয়াসার মিটার এর পাশের
জমা পানি ফেলে দিন।



চৌবাচ্চায় পানি জমলে
ডেঙ্গু মশা বংশ বিস্তার করে।



এসির পানি নিয়মিত
ফেলে দিন।



টবে জমা পানি নিয়মিত
ফেলে দিন।

ডেঙ্গু প্রতিরোধে করণীয়

- ✓ বাড়ীর আঙিনা পরিষ্কার রাখি, ডেঙ্গু প্রতিরোধে এগিয়ে আসি।
- ✓ সর্বদা খেয়াল রাখি, ফুলের টব, প্লাস্টিকের পাত্র, পরিত্যক্ত টায়ার, অব্যবহৃত কমোড, প্লাস্টিকের ড্রাম, মাটির পাত্র, বালতি, টিনের কৌটা, ডাবের খোসা/নারিকেলের মালা, কন্টেইনার, পানির মটকা, ব্যাটারির শেল, পলিথিন/চিপসের প্যাকেট প্রভৃতি স্থানে পানি জমে থাকলে এডিস মশার জন্ম হতে পারে।
- ✓ নির্মাণাধীন ভবনের আশেপাশে ও লিফটের গর্তে পানি জমা থাকলে মশার বংশবিস্তার হতে পারে।
- ✓ ওয়াসার পানির মিটারের আশেপাশের পানিতে মশা বংশবিস্তার রোধে, পানির মিটারে মাসে নোভালিউরোন ট্যাবলেট প্রয়োগ করুন।
- ✓ ছাদ বাগানের টবে জমা পানিতে মশার বিস্তার ঘটতে পারে। নিয়মিত জমা পানি ফেলে দিন।
- ✓ দিনে বা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করি।
- ✓ এডিস মশা যাতে না কামড়ায়, সেজন্য সমস্ত শরীর ঢাকা থাকে এমন পোষাক পরিধান করা প্রয়োজন।
- ✓ বর্ষাকালে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পায়, এসময় অধিকতর সতর্কতা অবলম্বন করি।
- ✓ নিজের ও পরিবারের সুস্থতার জন্য প্রতিবেশীদের ডেঙ্গু সম্পর্কে সচেতন করি।
- ✓ জ্বরে আক্রান্ত হলে নিকটস্থ স্বাস্থ্য সেবা কেন্দ্রে ডেঙ্গু পরীক্ষা করাই।
- ✓ ঘরের জানালা এবং দরজায় মশা প্রতিরোধক নেট লাগালে মশা প্রবেশ প্রতিরোধ করা যায়।

ইন্ড্রুভমেন্ট অব আরবান পাবলিক হেলথ প্রিভেন্টিভ সার্ভিসেস প্রজেক্ট (আইইউপিএইচপিএসপি)
স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

ডিপিএইচই ভবন (লেভেল-৮), ১৪, শহিদ ক্যাপ্টেন মনসুর আলি সরণি, কাকরাইল, ঢাকা-১০০০।

<https://iuphpsp.lgd.gov.bd>